গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৩য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মেজবাহ উদ্দিন<br>সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| সভার তারিখ ও সময় | : | ০৫-০৭-২০২২খ্রিঃ, সকাল ১১.০০মিঃ |
| উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি- সভার শুরুতে তাঁর সূচনা বক্তব্যে বলেন মাননীয় প্রধানমন্ত্রীর নামের এই প্রতিষ্ঠানটিকে Centre of Excellence হিসাবে গড়ে তোলার জন্য মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক সময়ে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ইনস্টিটিউটে ইতোমধ্যে মহাপরিচালক ও রেজিস্ট্রার পদে কর্মকর্তা পদায়ন করা হয়েছে। ইনস্টিটিউটের উন্নত অবকাঠামো নির্মাণের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে আছে। তিনি ইনস্টিটিউটে জরুরী ভিত্তিতে অনুমোদিত জনবল নিয়োগ কার্যক্রম শুরু করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি মানসম্মত শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং ইনস্টিটিউটের সকল কার্যক্রমে সম্মানিত সদস্যদের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

অতঃপর সভাপতি শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মহাপরিচালক ও কাউন্সিল এর সদস্য সচিব জনাব এ.কে.এম.শামিমুল হক ছিদ্দিকীকে সভায় আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব আলোচ্য সূচি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১. | **<u>২য় সভার কার্যবিরণী অনুমোদনঃ</u>**<br>সদস্য সচিব জানান যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ২য় সভা ১৮-০৬-২০২১ খ্রি. তারিখ বিকাল ০৩.০০টায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ আখতার হোসেন এর সভাপতিতে ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Apps) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। ২য় সভার কার্যবিরণী সম্মানিত সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে। সভার কার্যবিবরণী তে কোন সংযোজন/সংশোধনী প্রস্তাব থাকলে সদস্যগণকে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনরূপ সংযোজন/সংশোধনী না থাকায় ২য় সভার কার্যবিরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |
| ০২. | **<u>একাডেমিক কাউন্সিলের ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ অবহিতকরণ:</u>**<br>একাডেমিক কাউন্সিলের ৩য় সভার সিদ্ধান্তসমূহ সদস্যবৃন্দের অবগতির জন্য উপস্থাপন করা হয়। | |
| ০৩. | **<u>ইনস্টিটিউটের ভিশন, মিশন নির্ধারণঃ</u>**<br>নির্বাহী কাউন্সিলের ২য় সভায় উপস্থাপিত প্রস্তাবিত ভিশন ও মিশন সম্পর্কে সভায় আলোচনা করা হয়। ২য় সভায় প্রস্তাবিত ভিশন ও মিশন নিম্নরূপ:<br><br>**প্রস্তাবিত ভিশনঃ** যুবদের প্রতিভা বিকাশ ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটকে Centre Of Excelence হিসেবে প্রতিষ্ঠা করণ।<br><br>**প্রস্তাবিত মিশনঃ** সর্বক্ষেত্রে যুবদের প্রতিভা বিকাশ ও ক্ষমতায়নের মাধ্যমে জাতীয় প্রবৃদ্ধি অর্জনে অবদান রাখার নিমিত্ত গবেষণা, উচ্চশিক্ষা ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম পরিচালনা।<br><br>জনাব মোঃ নুরুল আমিন, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ মতামত প্রদান করেন যে, উপস্থাপিত ভিশন বাক্যটি অনেক বড় হয়েছে। ছোট হলে ভাল হতো।<br><br>যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ আজহারুল ইসলাম খান বলেন যে, ভিশন এর শব্দ আকর্ষণীয় হতে হবে এবং বাক্য আকারে ছোট হতে হবে। তিনি আরো বলেন ইনস্টিটিটকে ভিশন নির্ধারণে অন্যদের মতামত নিয়ে পরবর্তীতে সভায় উপস্থাপন করা যেতে পারে। | মহাপরিচালক ভিশন ও মিশন এর খসড়া প্রস্তুত করে নির্বাহী কাউন্সিল সদস্যদের নিকট মতামত প্রদানের জন্য পাঠাবেন। প্রাপ্ত মতামত সমূহ পর্যালোচনা করে পরবর্তী সভায় ভিশন ও মিশন নির্ধারণ করা হবে। |

| | | |
|---|---|---|
| | অধ্যাপক ড. জেবউননেছা ভিশন ও মিশন সম্পর্কে বলেন, আকারে বাক্যটি ছোট করার পাশাপাশি Centre of Excellence এর বাংলা শব্দ ব্যবহার করা যায়। গঠনগত শব্দসমূহ ভাবগত ও আকর্ষণীয় হতে হবে।<br><br>সভাপতি বলেন, মহাপরিচালক ইনস্টিটিউটের ভিশন ও মিশন এর খসড়া তৈরী করে নির্বাহী কাউন্সিলের সদস্যবৃন্দের নিকট মতামতের জন্য প্রেরণ করবেন। পরবর্তী সভায় প্রাপ্ত মতামত পর্যালোচনা করে ভিশন ও মিশন নির্ধারণ করলে যথাযথ হবে। | |
| ০৪. | **ইনস্টিটিউট এর লোগো নির্ধারণ:**<br>নির্বাহী কাউন্সিল এর সদস্য সচিব ইনস্টিটিউটের কোন লোগো না থাকার বিষয় উপস্থাপন করেন। নির্বাহী কাউন্সিলের ২য় সভায় লোগো নির্ধারণে একটি কমিটি গঠন করা হয়। কমিটি লোগো নির্ধারণের জন্য কোন কার্যক্রম গ্রহণ না করায় সদস্যগণ কমিটি বাতিলের পক্ষে মতামত ব্যক্ত করেন।<br>সভাপতি ইনস্টিটিউটের লোগো নির্ধারণের জন্য বহুল প্রচারিত দুইটি বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন। প্রাপ্ত লোগোসমূহ নির্বাহী কাউন্সিল এর পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য মহাপরিচালককে অনুরোধ জানানো হয়। | ইনস্টিটিউট এর লোগো নির্ধারণের জন্য মহাপরিচালক বহুল প্রচারিত দুইটি বাংলা দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করবেন। প্রাপ্ত লোগো সমূহ যাচাই বাছাই করে পরবর্তী নির্বাহী কাউন্সিলের সভায় উপস্থাপন করতে হবে। |
| ০৫. | **জনবল নিয়োগ সংক্রান্ত কমিটি গঠন:**<br>কাউন্সিল এর সদস্য সচিব ইনস্টিটিউটের বিভিন্ন পর্যায়ের জনবল নিয়োগ সংক্রান্ত গঠিত কমিটির প্রস্তাব উপস্থাপন করেন। ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে সদস্য মনোনয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের যুগ্মসচিব অথবা উপসচিবকে সদস্য করে কমিটি গঠনের বিষয়টি আলোচিত হয় এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। ৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগে উপস্থাপিত গঠিত কমিটি কোন সংশোধন না করে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>**০১) <u>১ম ও ২য় শ্রেণির জনবল নিয়োগ কমিটি:</u>**<br>১। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সভাপতি<br>২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব/উপসচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা - সদস্য<br>৩। অর্থবিভাগের যুগ্মসচিব/উপসচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা - সদস্য<br>৪। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের ০১ জন কর্মকর্তা - সদস্য<br>৫। বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্যক্ষেত্রে) ০১ জন - সদস্য<br>৬। রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সদস্য সচিব<br>**০২)<u>৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি:</u>**<br>১। রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সভাপতি<br>২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১জনকর্মকর্তা - সদস্য<br>৩। অর্থবিভাগের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা - সদস্য<br>৪। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১ জনকর্মকর্তা - সদস্য<br>৫। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সদস্য সচিব | জনবল নিয়োগের ১ম ও ২য় শ্রেণির নিয়োগ কমিটি এবং ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ কমিটি অনুমোদন করা হল।<br><br>জরুরীভিত্তিতে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালককে অনুরোধ জানানো হয়। |

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০৬.</td><td><u>প্রভাষক ও ইন্সট্রাক্টর পদে নিয়োগের নিমিত্তে বিষয় নির্ধারণ:</u><br>কাউন্সিল এর সদস্য সচিব জানান ইনস্টিটিউট এর প্রবিধানমালায় প্রভাষক এবং ইন্সট্রাক্টর কোন বিষয় নিয়োগ করা হবে তা উল্লেখ না থাকায় কোন কোন বিষয়ে প্রভাষক ও ইন্সট্রাক্টর নিয়োগ করা হবে সে বিষয়ে আলোচনা করা প্রয়োজন। তিনি জনবল নিয়োগের নিমিত্ত বিষয় নির্ধারণ এবং বিষয়ভিত্তিক প্রভাষক ও ইন্সট্রাক্টর পদ নির্ধারণের বিষয়টি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সদস্যবৃন্দের মতামত ও আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত বিষয়ে প্রভাষক ও ইন্সট্রাক্টর নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ক) প্রভাষকঃ<br>১. প্রভাষক (আইসিটি)-০১ জন<br>২. প্রভাষক (কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ)-০১ জন<br>৩. প্রভাষক (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট)-০১ জন<br>৪. প্রভাষক (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজী)-০১ জন<br>৫. প্রভাষক (হরটিকালচার)-০১ জন<br>৬. প্রভাষক (ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং)-০১জন মোট= ০৬(ছয়) জন।<br><br>খ) ইন্সট্রাক্টরঃ<br>১. ইন্সট্রাক্টর (আইসিটি)-০২জন<br>২. ইন্সট্রাক্টর (মৎস্য)-০১জন<br>৩. ইন্সট্রাক্টর (কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ)- ০২জন<br>৪. ইন্সট্রাক্টর (ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন)-০১ জন<br>৫. ইন্সট্রাক্টর (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি)-০২জন<br>৬. ইন্সট্রাক্টর (ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং)-০১জন এবং<br>৭. ইন্সট্রাক্টর (কৃষি)-০১জন<br>০৮. ইন্সট্রাক্টর (অটোমোবাইল)-০২জন, মোট= ১২(বারো)জন</td><td>০৬(ছয়)টি বিষয়ে ০৬জন প্রভাষক এবং ০৮(আট)টি বিষয়ে ১২জন ইন্সট্রাক্টর নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জরুরীভিত্তিতে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালককে অনুরোধ জানানো হয়।</td></tr>
<tr><td>০৭.</td><td><u>০৩টি বিষয়ে ডিপ্লোমা কোর্স চালুর অনুমোদন:</u><br>কাউন্সিল এর সদস্য সচিব ও মহাপরিচালক জনাব এ.কে.এম. শামিমুল হক ছিদ্দিকী ইনস্টিটিউটে প্রশিক্ষণের পাশাপাশি ডিপ্লোমা কোর্স চালুর উদ্যোগের বিষয়টি সভাকে অবহিত করেন। তিনি উপস্থাপিত তিনটি বিষয়ে ডিপ্লোমা কোর্স চালুর বিষয়ে মতামত চান। সভায় এ বিষয়ে আলোচনা শেষে উপস্থাপিত তিনটি বিষয়ে ডিপ্লোমা কোর্স চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<table><tr><th>ক্র. নং</th><th>বিষয়</th><th>প্রশিক্ষণ ঘন্টা</th><th>মেয়াদ</th></tr><tr><td>01.</td><td>Diploma in ICT.</td><td>৬০০</td><td>০৬ মাস</td></tr><tr><td>02.</td><td>Diploma in Web Application and Web Development.</td><td>৬০০</td><td>০৬ মাস</td></tr><tr><td>03.</td><td>Diploma in Tourism and Hospitality Management</td><td>৬০০</td><td>০৬ মাস</td></tr></table></td><td>০৩টি বিষয়ে ডিপ্লোমা কোর্স দ্রুত চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
<tr><td>০৮.</td><td><u>সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স চালুর অনুমোদন:</u><br>কাউন্সিল এর সদস্য সচিব বলেন যে, একাডেমিক কাউন্সিল এর ৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক ০৭টি বিষয়ে সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স চালুর বিষয়ে সুপারিশ করা হয়। এ বিষয়ে আলোচনায় জনাব নাফরিজা শ্যামা, যুগ্ম-সচিব, সংস্কৃতি মন্ত্রণালয় বলেন ইনস্টিটিউট কর্তৃক যে সমস্ত কোর্স পরিচালনা করা হবে সে সমস্ত কোর্স করতে যুব ও যুব নারীদের সর্বোচ্চ সুবিধা প্রদান করে সে বিষয়টি বিবেচনায় রাখার জন্য অনুরোধ করেন। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের প্রতিনিধি জনাব মোঃ নুরুল আমিন কোর্সসমূহের সিলেবাস প্রণয়নের ক্ষেত্রে তাদের প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত সিলেবাসের সাহায্য গ্রহণ করা যায় মর্মে মতামত ব্যক্ত করেন।<br><br>এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত ০৬টি সংক্ষিপ্ত কোর্স চালুর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<table><tr><th>ক্র. নং</th><th>বিষয়</th><th>প্রশিক্ষণ ঘন্টা</th><th>মেয়াদ</th></tr><tr><td>01.</td><td>Introduction to web site Design and web Application Development and out Sourcing Technology</td><td>২৪০</td><td>০২ মাস</td></tr><tr><td>02.</td><td>Training Program on Practical Search Engine Optimization (SEO)</td><td>১২০</td><td>০১ মাস</td></tr><tr><td>03.</td><td>Training Program on Digital Marketing</td><td>২৪০</td><td>০২ মাস</td></tr><tr><td>04.</td><td>Training Program on Graphics Design and Multimedia (Animation, Audio & Video Editing, Photo Editing)</td><td>২৪০</td><td>০২ মাস</td></tr><tr><td>05.</td><td>Food & Beverage Production</td><td>৩৬০</td><td>০৩ মাস</td></tr><tr><td>06.</td><td>Bakery & Pastry Production</td><td>৩৬০</td><td>০৩ মাস</td></tr></table></td><td>অনুমোদিত ০৬টি প্রশিক্ষণ কোর্স দ্রুত চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০৯.</td><td><u>ইনস্টিটিউটে প্রেষণে নিয়োজিত ৯ম গ্রেড বা তার তদুর্ধ গ্রেডের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণভাতা প্রদান;</u><br>সরকারী এবং স্বায়ত্তশাসিত সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটে প্রেষণে কর্মরত ৯ম শ্রেণি ও তদুর্ধ গ্রেডের কর্মকর্তাদের অর্থবিভাগের অনুমোদিত ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের মূল বেতনের ৩০% প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রেষণ ভাতা হিসেবে পেয়ে থাকেন। সরকারী ও স্বায়ত্বশাসিত অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রেষণে কর্মরত কর্মচারীদের ন্যায় এই প্রতিষ্ঠানে প্রেষণে কর্মরত ৯ম ও তদুর্ধ গ্রেডের কর্মকর্তা অর্থ বিভাগের অনুমোদিত ৩০% প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রেষণ ভাতা পাওয়ার হকদার। অত্র প্রতিষ্ঠানে প্রেষণে কর্মরত ৯ম ও তদুর্ধ গ্রেডের কর্মচারীদের কর্মকর্তাদের ৩০% প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রেষণ ভাতা প্রদানের প্রস্তাব বিবেচনার জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে সম্মানিত সদস্যবৃন্দ জানান যে, এই ইনস্টিটিউটে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রেষণভাতা পাবার সুযোগ থাকলে মেধাবী ও দক্ষ কর্মকর্তাগণ এই প্রতিষ্ঠানে চাকুরী করতে আগ্রহী হবে যা এই প্রতিষ্ঠানের উন্নয়নে সহায়ক ভূমিকা রাখবে।</td><td>ইনস্টিটিউটে প্রেষণে কর্মরত ৯ম ও তদুর্ধ গ্রেডের কর্মকর্তাদের সরকারী নির্দেশনা অনুযায়ী প্রেষণভাতার প্রাপ্যতার বিষয়টি উপস্থাপন করা হলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td></tr>
<tr><td>১০.</td><td><u>ইনস্টিটিউটের বিভিন্ন স্থাপনার ভাড়া পুনঃনির্ধারণ;</u><br>ইনস্টিটিউটের অবকাঠামো ভাড়া পুনঃ নির্ধারনের বিষয় নির্বাহী কাউন্সিলের সভায় উপস্থাপন করা হয়। মহাপরিচালক বলেন যে, ইনস্টিটিউটের আন্তর্জাতিক হোস্টেল, অডিটোরিয়াম, পুরুষ ও মহিলা হোস্টেলসহ অন্যান্য স্থাপনার ভাড়া দীর্ঘদিন যাবৎ একই হারে বলবৎ রয়েছে এবং বর্তমান এই হার পরিবর্তন করা প্রয়োজন। তিনি ভাড়া পুনঃ নির্ধারণ এর প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সদস্যগণ ভাড়া পুনঃ নির্ধারণ এর বিষয়ে একমত পোষণ করেন। আলোচনা শেষে নিম্নরূপ ভাড়ার তালিকা অনুমোদন করা হয়।
<table>
<tr><th rowspan="2">নং</th><th rowspan="2">অবকাঠামো</th><th colspan="2">পূর্ব নির্ধারিত ভাড়ার পরিমান</th><th colspan="2">অনুমোদিত ভাড়ার পরিমান</th></tr>
<tr><th>সরকারী</th><th>বেসরকারী</th><th>সরকারী</th><th>বেসরকারী</th></tr>
<tr><td>০১</td><td>অডিটরিয়াম ৭০০ আসন বিশিষ্ট, কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রিত</td><td>১০,০০০/-</td><td>১০,০০০</td><td>২৫,০০০/-</td><td>৫০,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>এল ই ডি স্ক্রিন</td><td>-</td><td>-</td><td>১০,০০০/-</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>ক্লাশরুম ভাড়া (৫০-৭৫ আসন বিশিষ্ট এসি)</td><td>২,০০০/-</td><td>২,০০০/-</td><td>৫০০০/-</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>হোস্টেলের সিট ভাড়া</td><td>৫০/-</td><td>১০০/-</td><td>৩০০/-</td><td>১০০০/-</td></tr>
<tr><td rowspan="2">০৫</td><td>আন্তর্জাতিক হেস্টেলের সিট ভাড়া (এসি সিঙ্গেল)</td><td>১৫০/-</td><td>৩০০/-</td><td>৭৫০/-</td><td>১৫০০/-</td></tr>
<tr><td>(এসি ডবল)</td><td>২০০/-</td><td>৫০০/-</td><td>১০০০/-</td><td>২,০০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>ক্যাফেটেরিয়া</td><td>-</td><td>-</td><td>৫,০০০/-</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>উন্মুক্ত অঙ্গান</td><td>-</td><td>-</td><td>৫,০০০/-</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>হল রুম</td><td>-</td><td>-</td><td>১০,০০০</td><td>২০,০০০</td></tr>
<tr><td>০৯</td><td colspan="5">সাপোর্ট সার্ভিস (ক্লিনার, ডাইনিং রুম এটেনডেন্ট, হোস্টেল পিয়ন ইত্যাদির ) মোট ব্যয়ের ১০%</td></tr>
<tr><td>১০</td><td colspan="5">সার্ভিস চার্জ (যন্ত্রপাতি, অডিও ভিজুয়্যাল ইকুইপমেন্টস, ডাইনিং-এ ব্যবহৃত তৈজষপত্র) মোট ব্যয়ের ১০%</td></tr>
</table></td><td>অনুমোদিত ভাড়ার তালিকা আগামী ০১-০৮-২০২২খ্রি. তারিখ থেকে কার্যকর হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
<tr><td>১১.</td><td><u>বিবিধ :</u><br><u>সম্মানী ভাতা নির্ধারণ:</u><br>সদস্য সচিব জানান নির্বাহী কাউন্সিল এর ২য় সভায় নির্বাহী কাউন্সিলের সদস্যদের সম্মানীভাতা নির্ধারণ করা হয়। তিনি একাডেমিক কাউন্সিল সদস্যবৃন্দের জন্য সভার সম্মানী ভাতা নির্ধারণের প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>একাডেমিক কাউন্সিলের ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক নির্বাহী কাউন্সিল এর চেয়ারম্যান এর জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা এবং অন্যান্য সদস্যদের জন্য ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা সম্মানী ভাতা কার্যকর করা হয়। নির্বাহী কাউন্সিল এর সাথে সামঞ্জস্য রেখে একাডেমিক কাউন্সিল এর সভাপতির জন্য ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা এবং সদস্যদের জন্য সম্মানী ভাতা ৪,০০০/- (চার হাজার) টাকা নির্ধারণের প্রস্তাব করা হলে সভায় তা গৃহীত হয়।</td><td>একাডেমিক কাউন্সিল এর সভাপতির জন্য ৪৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা এবং সদস্যদের জন্য ৪০০০/- (চার হাজার) টাকা সম্মানী ভাতা প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়।</td></tr>
</table>

সভাপতি ও কাউন্সিল চেয়ারম্যান কাউন্সিল সদস্যগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে আজকের সভাটি খুবই ফলপ্রসূ হওয়ায় সকলকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সকলের সর্বাত্মক সহযোগিতায় ইনস্টিটিউটটি প্রত্যাশিত উচ্চতায় প্রতিষ্ঠিত হবে, এ আশাবাদ ব্যক্ত করে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28.7.2022

মেজবাহ উদ্দিন
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি
নির্বাহী কাউন্সিল
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মহাপরিচালকের কার্যালয়**
**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট**
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।**
www.shniyd.gov.bd

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০২.২০১৯- ৭৭০৭ তারিখ- ০৪/০৮/২০২২খ্রি.

**জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। জনাব মোঃ আজহারুল ইসলাম খান, মহাপরিচালক(গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জনাব মোঃ মফিদুর রহমান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। জনাব মোঃ শওগাতুল আলম, এমডিএস, বিপিএটিসি, সাভার, ঢাকা।
০৪। ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। জনাব মোঃ মোশাররফ হোসেন, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৬। জনাব মোঃ নুরুল আমিন, সদস্য, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
০৭। জনাব মোহাম্মদ হাবীবুর রহমান, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০৮। জনাব বিপুল চন্দ্র বিশ্বাস, যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
০৯। জনাব মুহাম্মদ রেজাউল কবীর, যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনাব নাফরিজা শ্যামা, যুগ্মসচিব, সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। ড. জেবউননেছা, অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
১২। জনাব মোঃ আমিন হেলালী, ভাইস প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ঢাকা।
১৩। জনাব মোঃ কামাল আতাহার হোসেন, উপসচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
১৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

4.8.22

মোঃ রফিকুল ইসলাম
রেজিস্ট্রার
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট